জেলা পরিষদ
নেত্রকোণা
www.zpnetrokona.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর- জেপনে/VII-১/২০০৮/৫৮৬

তারিখ ঃ ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

"নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নের ছক মোতাবেক শূণ্য পদে লোক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১	সাঁটলিপিকার	০১ টি	গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০	১৮-৩০ বছর	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং তৎসহ ইংরেজিতে দ্রুতলিপি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৫০ শব্দ এবং বাংলায় দ্রুতলিপি প্রতি মিনিটে ৭০ শব্দ ও মুদ্রাক্ষরিক প্রতি মিনিটে ৩৫ শব্দের যোগ্যতা।

শর্তাবলী ঃ

১। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১(এক) পাতার চাকুরির আবেদন ফরম স্বহস্তে পূরণ পূর্বক আবেদনপত্র আগামী ০৫/০৫/২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা এই ঠিকানায় পাঠাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোন ভাবে প্রেরিত এবং সরাসরি দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চাকুরির আবেদন ফরম অনলাইনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ঃ (www.mopa.gov.bd) এ পাওয়া যাবে।

২। আবেদনকারীর বয়স ০৫/০৫/২০২১ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়স সীমা ১৮-৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় চাহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি ১ সেট জমা দিতে হবে।
(ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য সনদ (খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ (ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র (ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা প্রমানক হিসাবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত প্রমানক হিসাবে মূল সনদ।

৪। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ/নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। অধিকন্তু আবেদনপত্রে কোন সুপারিশ থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৬। খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

৭। আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

৮। দরখাস্ত বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত হলে প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে।

৯। আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) ও ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্যতোলা রঙ্গিন ছবি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।

১০। আবেদনকারীর নাম, ঠিকানা উল্লেখ পূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ৯.৫ X ৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক ফেরত খাম জমা দিতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯০ এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান, পরিপত্র, আদেশ ও নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১২। সাঁটলিপিকার পদে নিয়োগের জন্য স্থানীয় সরকার বিভাগের যথাযথ ছাড়পত্র রয়েছে।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত নিয়োগ স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

02.03.2021

(ড. মোঃ গোলাম আজম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন ঃ ০৯৫১-৬১৭২০ (অ)
ফ্যাক্স ঃ ০৯৫১-৬২৫২৪ (অ)
Email : zpnetrakona@yahoo.com

স্মারক নম্বর- জেপনে/VII-১/২০০৮/৫৮৬/১(১১৩)

তারিখ ঃ ১৭ ফাল্গুন ১৪২৭
০২ মার্চ ২০২১

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ।

৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।

৫। জেলা প্রশাসক, নেত্রকোণা।

৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ... (সকল)।

৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা।

৮। অধ্যক্ষ, নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোনা সদর, নেত্রকোনা।

৯। পুলিশ সুপার, নেত্রকোণা।

১০ সিভিল সার্জন, নেত্রকোণা।

১১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/গণপূর্ত/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।

১২। মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।

১৩। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর/কেন্দুয়া/আটপাড়া/মদন/খালিয়াজুরী/মোহনগঞ্জ/বারহাট্টা/দূর্গাপুর/কলমাকান্দা/পূর্বধলা, নেত্রকোণা।

১৪। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।

১৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নেত্রকোণা।

১৬। জনাব .... সদস্য (সকল), জেলা পরিষদ, নেত্রকোণা।

১৭। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, নেত্রকোণা।

১৮। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক যুগান্তর, ক ২৪৪, প্রগতি স্মরণী কুরিল বিশ্বরোড, ঢাকা ১২২৯ /The New Age, Hamid plaza 2nd floor. 300/5/A/l Bir, Uttam CR Datta Road. Hatirpool, Dhaka- 1205/দৈনিক বাংলার দর্পন, মোক্তারপাড়া, নেত্রকোণা। তার পত্রিকায় উপরোক্ত বিজ্ঞপ্তিটি ৪ কলামে ১০ ইঞ্চি লম্বায় ভিতরের পাতায় ০4/০৩/২০২১ তারিখের মধ্যে একবার প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৯। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, নেত্রকোণা।

২০। জেলা পরিষদ,নেত্রকোনা ওয়েবসাইট (www.zpnetrokona.gov.bd)

২১। অফিস কপি।

02.03.2021

(ড. মোঃ গোলাম আজম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন ঃ ০৯৫১-৬১৭২০ (অ)
ফ্যাক্স ঃ ০৯৫১-৬২৫২৪ (অ)
Email : zpnetrakona@yahoo.com